# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫২৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৩. যিনি ইলম লিপিবদ্ধ করার অনুমতি প্রদান করেন

بَاب مَنْ رَخَّصَ فِي كِتَابَةِ الْعِلْمِ

আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مَنْصُورٍ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ حَدَّثَنِي سُلَيْمَانُ بْنُ الْمُغِيرَةِ قَالَ قَالَ أَبُو قِلَابَةَ خَرَجَ عَلَيْنَا عُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ لِصَلَاةِ الظُّهْرِ وَمَعَهُ قِرْطَاسٌ ثُمَّ خَرَجَ عَلَيْنَا لِصَلَاةِ الْعَصْرِ وَهُوَ مَعَهُ فَقُلْتُ لَهُ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ مَا هَذَا الْكِتَابُ قَالَ هَذَا حَدِيثٌ حَدَّثَنِي بِهِ عَوْنُ بْنُ عَبْدِ اللَّهِ فَأَعْجَبَنِي فَكَتَبْتُهُ فَإِذَا فِيهِ هَذَا الْحَدِيثُ

إسناده صحيح

বাংলা

৫২৭. আবু কিলাবাহ বলেন, উমার ইবনু আব্দুল আযীয যখন যুহরের সালাত আদায় করার জন্য আমাদের নিকট আসলেন, তখন তার সাথে ছিল একটি কাগজ। আবার যখন তিনি আসরের সালাত আদায়ের উদ্দেশ্যে আমাদের নিকট এলেন, তখনও সেই কাগজটি তার সাথেই ছিল। তখন আমি তাকে বললাম: হে আমীরুল মু’মিনীন! এ লেখা কাগজটি কিসের? তিনি বললেন: এটি একটি হাদীস যা আউন ইবনু আব্দুল্লাহ আমার নিকট বর্ণনা করেছিলেন এবং সেটি আমাকে মুগ্ধ/আনন্দিত করেছিল ফলে আমি সেটি লিখে নিয়েছিলাম। মূলত এখানে সেই হাদীসটিই রয়েছে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: এখানে ব্যতীত অন্য কোথাও আমি এটি পাইনি। পূর্বের হাদীসের টীকাটি দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কিলাবাহ্ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75903

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন